



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



'Fighting Inequality for Resilient Future' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন উপলক্ষে ১৮ অক্টোবর ২০২৩-বুধবার ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'Fighting Inequality for Resilient Future' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের ইমেরিটাস অধ্যাপক নজরুল ইসলাম বলেন, “বাংলাদেশে উন্নয়ন আছে, বৈষম্যও রয়েছে। বৈষম্য না কমাতে পারলে উন্নয়নের সুফল পাওয়া দুর্কর।”

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার।

সেমিনারে 'Climate Change, DRR and Resilient Bangladesh' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর উপ-উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেন। উক্ত বিষয়ের উপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলাম বলেন, “বাংলাদেশের দুর্যোগ মোকাবেলায় দক্ষতা তৈরি হয়েছে বলা হয় কিন্তু সকল দুর্যোগ মোকাবেলায় সমানভাবে দক্ষতা তৈরি হয় নাই।” এবং বাংলাদেশ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



সেন্টার ফর এডভান্স স্টাডিজের নির্বাহী পরিচালক ড. এ আতিক রহমান বলেন, “বাংলাদেশে জনঘনত্ব বেশি হলেও সেটা যদি সঠিকভাবে ব্যবহার করা যায় তাহলে এটি হবে সবচেয়ে বড় সম্পদ। এর জন্য দরকার সঠিক জ্ঞান, সঠিক খাবার, সুপেয় পানি, সঠিক অবস্থান ইত্যাদি।”

ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদের স্বাগত বক্তব্য প্রদান করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।